

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ শাখা

পত্র নং-০৫ . ০০ . ০০০০ . ১১৫ . ১৬ . ০১০ . ১২-২৯২(১৩ ৫)


০৪ বৈশাখ, ১৪১৯ বঃ
তারিখঃ-----
১৭ এপ্রিল, ২০১২ খ্রিঃ

অফিস আদেশ

সরকার কর্তৃক ইতোপূর্বে নির্ধারিত বিভিন্ন ধরনের সরকারি যানবাহন ও সরকারি সড়ক পরিবহন পূলে অবস্থিত ডরমেটরির সীট ভাড়া/হার সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

ক্রমিক নং	যানবাহন ব্যবহারের ধরণ	অনুমোদিত ভাড়ার হার/রেট
১.	সার্বক্ষণিক ব্যবহার (প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা)	মাসিক ৬০০/- টাকা। সরকারি কর্মকর্তাদের মধ্যে যারা সার্বক্ষণিক গাড়ি পান তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তাছাড়া কর্পোরেশন ও সংস্থার সার্বক্ষণিক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রেও এই হারে টাকা প্রদান প্রযোজ্য হবে।
২.	সরকারি কাজে : ক) কার	প্রতি কিলোমিটার ০.৬০ টাকা।
	খ) মিনিবাস/মাইক্রোবাস	প্রতি কিলোমিটার ০.৪০ টাকা।
	গ) বাস	প্রতি কিলোমিটার ০.২০ টাকা। এই ভাড়ার হার সকল মন্ত্রণালয়/বিভাগের অধিনস্থ দপ্তর/সংস্থার বাসের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
৩.	ব্যক্তিগত কাজে ব্যবহার (অন-পেমেন্ট) (কর্মকর্তা/কর্মচারি)	প্রতি কিলোমিটার ২/- টাকা। অপেক্ষামান সময়ের জন্য (Waiting time) প্রতি ঘণ্টা জীপ/কার : ১০/- টাকা, মিনিবাস/মাইক্রোবাস : ১৫/- টাকা ও বাস : ২০/- টাকা।
৪.	সরকারি সড়ক পরিবহন পূলে অবস্থিত ডরমেটরির সীট ভাড়া	প্রতিদিন ২০/- টাকা (দুপুর ১২.০০ টা হতে পরদিন ১১.৫৯ টা পর্যন্ত)

২. পুনঃনির্ধারিত এ ভাড়ার হার/রেট অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ ওয়াহিদুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১৪৪৮৯

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩. সিনিয়র সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৪. সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫. বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
৬. হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, সচিবালয় ভবন (৩য় ফেজ), ঢাকা-১০০০।
৭. জেলা প্রশাসক, ----- (সকল)।
৮. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(আদেশটি গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯. প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ প্রধান পল্টন, ঢাকা।